দৈনিক বাংলা

তারিখ 29 AUG 1997 
পৃষ্ঠা ৭ কলাম ৭

14

# এতিম ছেলেমেয়েদের শিক্ষা মঞ্জুরী বাড়িয়ে দিন ঃ এরশাদ

জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ দেশের এতিম ছেলেমেয়েদের লেখাপড়া শিখিয়ে সুনাগরিক হিসাবে গড়ে তোলার লক্ষ্যে এতিমখানায় সাহায্য বাড়িয়ে দেয়ার জন্যে সরকারের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, এতিম ছেলেমেয়েদের দু'বেলা খেয়ে পড়ে বাঁচার জন্যে ক্যাপিটেশন গ্রান্ট বাড়িয়ে দেয়া একান্ত প্রয়োজন।

মঙ্গলবার তেজগাঁয়ের রহমতে আলম ইসলাম মিশন ও এতিমখানা পরিদর্শনে গেলে এতিম ছাত্র ও মোহাদ্দেসবৃন্দ তাকে বিপুলভাবে সংবর্ধনা জানান। এখানে এরশাদের আগমনের খবর পূর্বাহ্নে প্রচার হয়ে গেলে এতিমখানা এলাকায় বিপুলসংখ্যক লোকের সমাগম ঘটে। জনাব এরশাদের সম্মানে এতিমখানায় এক সংবর্ধনা সভারও আয়োজন করা হয়। জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য এ বি এম গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় জনাব এরশাদ এতিমখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে বলেন, আপনারা এতিমখানাটি পরিচালনা করে ইসলাম ও মানবতার সেবা করে যাচ্ছেন। আজ আমি এখানে এসেছি এতিমদের দুঃখ দুর্দশা ভাগ করে নিতে। আমি আগেও এতিমখানায় এসেছিলাম। কিন্তু সাহায্য করতে পারিনি। তার জন্য আজ খুব দুঃখ বোধ করছি। আল্লাহ যেন আমাকে তওফিক দেন যাতে আমি আগামীতে এতিমদের সাহায্য করতে পারি। তিনি রহমতে আলম ইসলাম মিশন ও এতিমখানা এবং পার্শবর্তী মদিনাতুল উলুম মহিলা কামিল মাদ্রাসার ছাত্রীগের দুরবস্থার মধ্যে বসবাসের অবস্থা দেখে আবেগ আপ্লুত হয়ে পড়েন। আল্লাহর কাছে এই দোয়া চাই যাতে এসব এতিম ছেলেমেয়েদের মুখে যেন হাসি ফোটাতে পারি।

সংবর্ধনা সভায় মিশনে মাদ্রাসার প্রধান মোহাদ্দেস মওলানা আবদুর রাজ্জাক এরশাদের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু, উন্নতি এবং অগ্রগতি কামনা করে মোনাজাত পরিচালনা করেন। এ সময় জাতীয় পার্টির ঢাকা মহানগর কমিটির সাধারণ সম্পাদক আবদুস সালাম, সাবেক এমপি মুন্সি আবদুল লতিফ খান, স্বেচ্ছা সেবক পার্টির নেতা সরদার সালাম, শফিউল্লাহ শফি, মহানগর কমিটির নেতা আনিসুর রহমান খোকন, স ম সালাউদ্দিন, এইচ এম গোলাম রেজা, বাংলাদেশ ট্রাক ড্রাইভার ইউনিয়নের কেন্দ্রীয় সভাপতি মকবুল আহমেদ, জাতীয় পার্টির স্থানীয় নেতা আবদুস সাত্তার, আবদুল খালেক তালুকদার, মোনাজাত উদ্দিন ও জসীম উদ্দিন উপস্থিত ছিলেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।